দামুড়হুদায় পানিতে ডুবে প্রতিবন্ধী কিশোরের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কেশবপুর গ্রামের বালি গর্তের পানিতে ডুবে আবুল বাশার খাঁন(১২) নামের প্রতিবন্ধী কিশোরের মৃত্যু হয়েছে। মৃত আবুল বাশার দামুড়হুদা খাঁন পাড়ার আব্দুল মমিন খাঁনের ছেলে।

বৃহস্পতিবার সকালে তার মরদেহ উদ্ধার করে পরিবারের লোকজন।

দামুড়হুদা সদর ইউপির সাবেক মেম্বর ও পরিবারের লোকজন জানান, গতকাল বুধবার সকাল ১০টার দিকে আবুল বাশার বাড়ী থেকে বের হয়ে আর বাড়ী ফেরেনি।

সারাদিন বহু খোঁজা খুঁজি করেও তার কোন সন্ধান পাওয়া যায়নি। সকাল সাড়ে ৯টার দিকে গ্রামের ছেলেরা ঐ বালি গর্তে মাছ ধরতে গিয়ে প্রতিবন্ধী কিশোরের মরদেহ পানিতে ভাসতে দেখে গ্রামে খবর দিলে স্থানীয়রা ও পরিবারের লোকজন সকাল ১০টার দিকে মরদেহ উদ্ধার করে বাড়ীতে নিয়ে আসে।

পরিবারের লোকজনসহ স্থানীয়রা ধারনা করছেন বালি গর্তের ধারে ঘুরতে গিয়ে অসাবধানতা বসত পানিতে পড়ে তার মৃত্যু হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে মাদক ব্যবসায়ীর কারাদণ্ড

আলমডাঙ্গায় এক মাদক ব্যবসায়ীকে ১৫ দিনের জেল দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী কর্মকতা লিটন আলী এই আদেশ দেন।

মাদক ব্যবসায়ী হলেন, উপজেলার কালিদাসপুর সাদা ব্রীজপাড়ার মৃত জালাল উদ্দিনের ছেলে শফি উল্লাহ।

পুলিশ সূত্রে জানা যায়, কালিদাসপুর সাদা ব্রীজপাড়ার মৃত জালাল উদ্দিনের ছেলে শফি উল্লাহ। দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা করে আসছে।

বৃহস্পতিবার দুপুরের আসাননগর কপাটের কাছে থানার এসআই সুফল ও এএসআই কামরুল ইসলাম ওঁৎ পেতে থাকেন। মাদক ব্যবসায়ী কৌশল অবলম্বন করে নেশা জাতীয় ইনজেকশন বিক্রির সময় পুলিশ তাকে আটক করে।

নেশা জাতীয় ইনজেকশন ব্যবসার অপরাধে মাদক নিয়ন্ত্রণ আইনে তাকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমের ১৫ দিনের করে জেল দিয়েছেন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

মেহেরপুরে ‘ইজি পয়েন্ট’র জরিমানা

মেহেরপুর শহরে মাস্ক বিহীন ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করায় মানিক মিয়া টাওয়ার ইজি পয়েন্টে ভ্রাম্যমাণ আদালতে ছয়শত টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর শহরের মানিক মিয়া টাওয়ার ইজি পয়েন্টে সহকারি কমিশনার মাহামুদ হাসান সবুজের নির্দেশে এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

অভিযান চলাকালে তিনি বলেন, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ঠেকাতে হলে মাস্ক পরিধান করতে হবে। যারা মেহেরপুর শহরের ভিতরে মাস্ক ছাড়া চলাচল করছে তাদেরকে সতর্ক করা হচ্ছে এবং কিছু কিছু মানুষের কাছ থেকে জরিমানা আদায় করা হয়েছে।

এমত অবস্থায় মেহেরপুরে যেনো করোনাভাইরাস নিয়ন্ত্রণে রাখা যায় সেই জন্য জেলা প্রশাসনের নির্দেশনা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। শহরে বিভিন্ন দোকানী আছেন যারা স্বাস্থ্যবিধি মানছেন না তাদেরকে মোবাইল কোট এর আওতায় আনা

হচ্ছে।

তারি পাশাপাশি ক্রেতাদের কেও সতর্ক করা হচ্ছে। যারা সাধারণ জনগণ আছেন স্বাস্থ্যবিধি মানছেন না মোটরবাইকে দুইজনের অধিক চলাফেরা করছেন তাদেরকে সতর্ক করা হচ্ছে।

গাংনীর বি এন কলেজের সাবেক অধ্যক্ষ’র বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার বিএন কলেজের সাবেক অধ্যক্ষ আ.ফ.ম আলিমুজ্জামানের বিরুদ্ধে ২০১৮-১৯ এবং ২০১৭-২৮ শিক্ষাবর্ষের একাদশ শেণীর ১৮ জন শিক্ষার্থীর উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে।

দুই দফায় দুই হাজার একশত টাকা করে ৩৭ হাজার আট’শ টাকা আত্মসাৎ করেছেন বলে অভিযোগ তোলা হয়েছে। শিক্ষাথীদের টাকা উঠানোর ক্ষেত্রে শ্বশুর, স্ত্রী ও ভাইসহ নিকট আত্মিয়ের রকেট নাম্বার ব্যবহার করেছেন বলে অনুসন্ধানে জানা গেছে।

তবে অভিযুক্ত সাবেক অধ্যক্ষ জানান, শিক্ষার্থী ড্রপ হয়ে যাওয়ায় তাদের সন্ধান পাওয়া যায়নি। তাদের টাকা সংরক্ষিত রয়েছে।

অভিযোগ পত্রে জানা গেছে, ২০১৮-১৯ শিক্ষা বর্ষে ১৫ জন শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্ত হয়। এর মধ্যে ৬ জন টাকা উত্তোলন করতে পেরেছেন। বাকি ৯ জন পারেননি। এই নয় জনের মধ্যে শারমিনা আক্তার, রাবিয়া খাতুন, শ্যামলী খাতুন টাকা পায়নি জানিয়ে কলেজে লিখিত অভিযোগ করলে কলেজ কর্তৃপক্ষের নজরে আসে। পরে বিষয়টি নিয়ে গত ২১ জুলাই বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সভাপতি স্বাক্ষরিত একটি অভিযোগপত্র জেলা প্রশাসকের কাছে দেওয়া হয়। তার প্রেক্ষিত গত ২৬ আগস্ট বুধবার জেলা শিক্ষা অফিসারের নেতৃত্বে একটি তদন্ত কমিটি প্রাথমিক তদন্ত করেন।

খোঁজ নিয়ে আরো জানা যায়, ২০১৭-১৮ অর্থবছরেও ১৫ জনের মধ্যে নয় জনই টাকা উত্তোলন করতে পারেননি। ওই শিক্ষাবর্ষে যারা উপবৃত্তির টাকা থেকে বঞ্চিত হয়েছেন তারা হলেন- মোছাঃ আছমা খাতুন, মোছাঃ আফরোজা খাতুন, মোছাঃ নাজমিন খাতুন, মনোয়ারা খাতুন, মোছাঃ খুশি খাতুন, মোছাঃ মিম খাতুন, উম্মে সালমা, মোছাঃ লিমোনা খাতুন, মোছাঃ রেজবিনা খাতুন।

এ ব্যাপােও অভিযুক্ত সাবেক অধ্যক্ষ আ ফ ম আলিমুজ্জামান মেহেরপুর প্রতিদিনকে জানান, কলেজে অনেক সময় ড্রম শিক্ষার্থীদের ভর্তি করাই। যে কারণে ওই শিক্ষার্থীদের সন্ধান না পাওয়ায় টাকাটা আমার কাছে সংরক্ষিত রয়েছে। আমি ওটা জেলা শিক্ষা অফিসারকেও জানিয়েছি। পদ্ধতিগতভাবে আমি ওই টাকা দিয়ে দেব।

শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি বাড়ল ৩ অক্টোবর পর্যন্ত

বিশ্বব্যাপী মহামারী করোনাভাইরাসের (কভিড-১৯) কারণে কওমি মাদ্রাসা ছাড়া দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের চলমান ছুটি আগামী ৩ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে এ তথ্য জানানো হয়েছে।

পূর্ব ঘোষণা অনুযায়ী আগামী ৩১ আগস্ট পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ছিল। তবে গত ২৪ আগস্ট কওমি মাদরাসা খুলে দেওয়ার সিদ্ধান্ত হয়েছে।

করোনাভাইরাসের কারণে গত ১৭ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে টিভিতে ক্লাস সম্প্রচার করা হচ্ছে। আর উচ্চ মাধ্যমিক এবং উচ্চ শিক্ষাস্তরে অনলাইনে ক্লাস পরিচালনা করছে শিক্ষা প্রতিষ্ঠানগুলো।

মহামারির কারণে এবছর প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী (পিইসি)

পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে স্কুলে স্কুলে বার্ষিক পরীক্ষা নিয়ে মূল্যায়ন করা হবে।

এজন্য পঞ্চমের শিক্ষার্থীরা বৃত্তিও পাবে না। তবে চালু থাকবে উপবৃত্তি। তবে অষ্টমের জেএসসি-জেডিসি পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত আসেনি। নভেম্বরে পঞ্চম ও অষ্টমের সমাপনী পরীক্ষা হওয়ার কথা ছিল।

মির্জা ফখরুলসহ ৫ নেতার নাশকতা মামলার স্থগিতাদেশ বহাল

রাজধানীর বিভিন্ন থানায় দায়ের হওয়া নাশকতা মামলায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ পাঁচ নেতার মামলার কার্যক্রম স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ।

বৃহস্পতিবার রাষ্ট্রপক্ষের আবেদন শুনানি নিয়ে তা নিষ্পত্তি করে প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেনের নেতৃত্বাধীন ছয় সদস্যের বিচারপতির আপিল বিভাগের ভার্চুয়াল পূর্ণাঙ্গ বেঞ্চ এ আদেশ দেন।

মামলায় মির্জা ফখরুল ইসলাম ছাড়া বিএনপির অন্য নেতারা হলেন, ভাইস চেয়ারম্যান আবদুল আউয়াল মিন্টু, আমানুল্লাহ আমান, স্থায়ী কমিটির সদস্য সেলিমা রহমান ও ইকবাল হাসান টুকু।

আদালত একইসঙ্গে, মামলার অভিযোগ আমলে নেয়ার আদেশ বাতিল প্রশ্নে হাইকোর্টের জারি করা রুল নিষ্পত্তি করতে বলেছেন আদালত। তবে রুল নিষ্পত্তির দিন তারিখ উল্লেখ করেননি আপিল বিভাগ।

আদালতে বিএনপি নেতাদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন।

সূত্র- বিডি-প্রতিদিন

জেএসসি জেডিসি পরীক্ষা স্থগিত

মহামারীর করোনাভাইরাসের কারণে ২০২০ সালের জেএসসি ও জেডিসি পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

বৃহস্পতিবার বিকালে শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে বছর পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ইবতেদায়ি পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এমন প্রস্তাবে সম্মতি দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গত মঙ্গলবার প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ি পরীক্ষা বাতিলে সারসংক্ষেপ প্রধানমন্ত্রী কার্যালয়ে পাঠানো হয়। এতে এ দুই পরীক্ষার পরিবর্তে স্কুল ও মাদ্রাসায় শিক্ষার্থীদের মূল্যায়নের প্রস্তাব রাখা হয়েছিল। পাশাপাশি পরীক্ষা বাতিল করা হলে এ বছরের জন্য মেধাবৃত্তিও না দেয়ার প্রস্তাবও ছিল এতে।

পরে প্রধানমন্ত্রীর কার্যালয় পরীক্ষা বাতিলের প্রস্তাবে সম্মতি দিয়ে সেটি মন্ত্রণালয়ে পাঠিয়ে দেয়।

উল্লেখ্য, মহামারী করোনাভাইরাসের কারণে গত ১৮ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ আছে। প্রধানমন্ত্রীর কাছে পাঠানো প্রস্তাবে মন্ত্রণালয় বলেছে– ১৮ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি থাকায় ৩১ আগস্ট পর্যন্ত ৭১টি কর্মদিবস নষ্ট হচ্ছে। এতে শিক্ষার্থীদের ৪০৬ বিষয়ভিত্তিক পাঠদান ক্ষতিগ্রস্ত। ১ জানুয়ারি থেকে ১৭ মার্চ পর্যন্ত সিলেবাসের মাত্র ৩০ থেকে ৩৫ শতাংশ পড়ানো সম্ভব হয়েছে। পাঠ্যবইয়ের অবশিষ্ট অংশ শেষ করতে কমপক্ষে ৫০ কর্মদিবস দরকার। নভেম্বর-ডিসেম্বর মাসে পাঠদান কার্যক্রম চালানো সম্ভব হলেও ৫০ কর্মদিবস পাওয়া যাবে না।

এতে আরও বলা হয়, করোনাভাইরাসের বিদ্যমান প্রাদুর্ভাবে সেপ্টেম্বর মাসে শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়া সম্ভব হবে কিনা সে সিদ্ধান্ত এখনও নেয়া হয়নি। খুলে দেয়া হলে অভিভাবকরা তাদের

সন্তানদের স্কুলে নাও পাঠাতে পারেন। জাপান, দক্ষিণ কোরিয়া ও দক্ষিণ আফ্রিকায় শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়ার পর ভাইরাস পরিস্থিতিতে পুনরায় বন্ধ করে দিতে হয়েছে। অন্যদিকে করোনাভাইরাস প্রাদুর্ভাবের পর টেলিভিশনে পাঠদানের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সমীক্ষায় দেখা গেছে, মাত্র ৫৬ শতাংশ শিক্ষার্থী টেলিভিশন পাঠদানের সুযোগটি গ্রহণ করতে সক্ষম হয়েছে।

সম্প্রতি বেতারে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। এতে ৯৭ দশমিক ৬ শতাংশ শিক্ষার্থী পাঠদানের আওতায় আসতে পারে। এ ছাড়া ৭৬ শতাংশ শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে লেখাপড়ার বিষয়ে কথা বলতে পেরেছে।

গাংনীতে প্রবাসির স্ত্রীকে ধর্ষন, গ্রেপ্তার-৩

মেহেরপুরের গাংনী উপজেলার জালশুকা গ্রামে এক প্রবাসির স্ত্রীকে ধর্ষনের অভিযোগে ৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহষ্পতিবার সকালে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এরা হচ্ছে-চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার নান্দবার গ্রামের কাবের আলীর ছেলে আফাঙ্গির আলম (২৮), জহুরুল ইসলামের ছেলে আকরামুল(১৮) ও মিজানুর রহমানের ছেলে জামাল(২০)।

ধর্ষিতা গৃহবধুকে ডাক্তারী পরীক্ষার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতাল ও গ্রেপ্তারকৃতদেরকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, আফাঙ্গির আলম মোবাইল ফোনে ওই গৃহবধুর সাথে সম্পর্ক গড়ে তোলে।

বুধবার রাতে সে তার দুই সহযোগি আকরামুল ও জামালকে সাথে নিয়ে গৃহবধুর বাড়িতে এসে তাকে ধর্ষণ করে ভ্যানযোগে পালানোর চেষ্টা করে। এসময় স্থানীয় লোকজন তাদেরকে আটক করে পুলিশে খবর দেয়।

পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে ওই গৃহবধুসহ চারজনকে থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করে। আফাঙ্গির ধর্ষনের কথা স্বীকার করে ও তাকে

সহযোগিতা করেছে দুই বন্ধু আকরামুল ও জামাল।

পুলিশ আফাঙ্গির আলমের নামে ধর্ষন ও আকরামুল ও জামালকে ধর্ষনের সহযোগি হিসেবে মামলা দিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করে।

মুজিবনগরে ভুল চিকিৎসায় প্রসূতি মৃত্যুর অভিযোগ

মুজিবনগরে ভুল চিকিৎসায় তাসলিমা(২৩) নামের এক প্রসূতি মৃত্যুর অভিযোগ উঠেছে। সিজার করার পর অপারেশন টেবিলেই তার মৃত্যু হয় বলে অভিযোগ করেছে তার পরিবার।

বুধবার বিকালে মুজিবনগর কেদারগঞ্জের কুদরত-ই-খোদা ক্লিনিকে এ ঘটনা ঘটে। মৃত্যুর পর দায় এড়াতে কৌশলে তাসলিমাকে মেহেরপুর সদর হাসপাতালে পাঠায় ক্লিনিক কতৃপক্ষ। মৃত তাসলিমা খাতুন মুজিবনগর উপজেলার গোপালনগর গ্রামের ভুট্টোর স্ত্রী। তবে প্রসূতি তাসলিমা খাতুন মারা গেলেও সদ্য ভুমিষ্ট বাচ্চাটি সুস্থ্য আছে।

পরিবারিক সুত্রে জানা যায়, তাসলিমা খাতুনের প্রসব বেদনা উঠলে স্থানীয় ক্লিনিকে নিয়ে যাওয়া হয়। সেখানে দ্রুত সিজার করার পরামর্শ দেন ডাক্তাররা। পরে বুধবার দুপুর ২ টার দিকে ডা. রিসার্ড সরেন তাসলিমাকে সিজার করে।

পরে রোগীর কোন সাড়াশব্দ না থাকায় আমাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার পরামর্শ দেন ডা. রিসার্ড সরেন। পরে মেহেরপুর জেনারেল হাসপালে নিয়ে আসা হলে কর্তব্যরত চিকিসক ডা. মাহাববুল হাসান মেহেদী তাকে মৃত ঘোষনা করেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. মখলেছুর রহমান বিষয়টি নিশ্চিত করে জানান, আমাদের হাসপাতালে সাড়ে তিনটার দিকে তাসলিমা নিয়ে আসা হয়। আমরা পরীক্ষা করে তাকে মৃত ঘোষনা করি। তবে ঘন্টাখানেক আগে তার মৃত্যু হয়েছে বলে আমাদের ধারনা।

কুদরতি-ই-খোদা ক্লিনিকের ডা. রিসার্ড সরেন বলেন, আমি সিজার করার

পর সে সুস্থ ছিল। পরে তার হার্টেও সমস্যা দেখা দেয়।

এ অবস্থায় তাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। অপারেশন টেবিলেই তার মৃত্যু হয় এমন অভিযোগ অস্বিকার করে তিনি জানান, আমার মনে হয় মেহেরপুর জেনারেল হাসপাতালে না হয় যাওয়ার সময় রাস্তায় তার মৃত্যু হয়।

মেহেরপুরে কৃষক হত্যা মামলায় একজনের যাবজ্জীবন

মেহেরপুরে ফেরদৌস আলী নামের এক কৃষক হত্যার দায়ে কাবিদুল ইসলাম নামের একজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত।

বৃহস্পতিবার সকালে মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস এ আদেশ দেন। একই সঙ্গে ১০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডের আদেশ দেওয়া হয়।

আসামী কাবিদুল ইসলাম সদর উপজেলার রাজাপুর গ্রামের সাবদার আলীর ছেলে এবং নিহত ফেরদৌস আলী একই গ্রামের আজিবুর রহমানের ছেলে। রায় ঘোষনার পর আসামী কাবিদুল ইসলামকে মেহেরপুর জেলা কারাগারে নিয়ে যাওয়া হয়।

মামলার বিবরণে জানা যায়, ২০১২ সালের ৭ জুলাই সন্ধ্যার সময় রাজাপুর-বারাকপুর চার রাস্তার মোড়ের একটি মাঁচায় ফেরদৌস আলী বসে ছিলেন। ওই সময় ঘাস কাটাকে কেন্দ্র করে বিরোধের জেরে কাবিদুল ইসলাম ধারালো হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করে কবিদুল। পরে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

ঐ ঘটনায় ফেরদৌসের ভাই রবগুল আলী বাদি হয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন। মামলার প্রাথমিক তদন্ত শেষে আদালতে তদন্ত প্রতিবেদন জমা দেন তদন্তকারী কর্মকর্তা। ৭ জন সাক্ষি তাদের সাক্ষ্য প্রদান করেন। মামলার সাক্ষ্য ও নথি পর্যবেক্ষন শেষে আদালত আসামির যাবজ্জীবন কারাদণ্ড দেন।

মামলায় রাষ্ট্র পক্ষের আইনজীবী ছিলেন অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক এবং আসমী পক্ষের আইনজীবী ছিলেন শহিদুল ইসলাম।